# ইলিয়াসকে ফেরত ও কেন্দ্রীয় নেতৃবৃন্দের মুক্তির দাবীতে অস্ট্রেলিয়ার শিক্ষা ও যুব মন্ত্রী পিটার গ্যারেটের নিকট বিএনপি অস্ট্রেলিয়ার স্মারকলিপি প্রদান

**এম.মোরশেদ:** বিএনপির সাংগঠনিক সম্পাদক ও ৯০দশকের ছাত্রনেতাও সিলেট জেলা বিএনপির সভাপতি ইলিয়াস আলীকে পরিবারের কাছে ফিরিয়ে দেওয়া ও ভারপ্রাপ্ত মহাসচিব মির্জা ফখরুল ইসলাম, যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর ও স্বেচ্ছাসেবক দলের সভাপতি হাবিব-উন-নবী খান সোহেল সহ ১৮ দলীয় জোটের ৩৩ নেতাদের মুক্তি এবং মিথ্যা মামলা প্রত্যাহার দাবিতে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি, স্বেচ্ছাসেবক দল, ৯০দশকের ছাত্র-ফোরাম অস্ট্রেলিয়া সহ বিভিন্ন সংগঠনের ৬ সদস্যের একটি প্রতিনিধি দল গত ১৮ই মে শুক্রবার সকাল ১১টায় অস্ট্রেলিয়ান সরকারের শিক্ষা ও যুব মন্ত্রী পিটার গ্যারেট সাথে বৈঠক করেন।



অস্ট্রেলিয়ান সরকারের শিক্ষা ও যুব মন্ত্রী পিটার গ্যারেট সাথে বৈঠক অংশ গ্রহণ করেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি অস্ট্রেলিয়ার সিনিয়র যুগ্ম আহবায়ক ও স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় আন্তর্জাতিক সম্পাদক মো: মোসলেহউদ্দিন আরিফ, ৯০দশকের ছাত্রনেতা ড.নার্গিস আকতার বানু, মো: লুৎফুল কবির, প্রকৌশলী সোহেল ইকবাল মাহমুদ, স্বেচ্ছাসেবক দলের সভাপতি হাফিজুল ইসলাম তারেক, ইয়াসিন আরাফাত অপু।

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি অস্ট্রেলিয়ার সিনিয়র যুগ্ম আহবায়ক ও স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় আন্তর্জাতিক সম্পাদক মো: মোসলেহউদ্দিন আরিফ জানান, বৈঠকে বিএনপির সাংগঠনিক সম্পাদক ইলিয়াস আলীকে পরিবারের কাছে ফিরিয়ে দেওয়া ও বাংলাদেশের গণতন্ত্র রক্ষা এবং শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের যুদ্ধাপরাধীদের বিচারের নামে বিরোধীদলের নেতাকর্মীদের হত্যা ও গুম সহ সীমাহীন মানবাধিকার লঙ্ঘন বন্ধ ও বিরোধী দলীয় রাজনীতিবিদদের উপর অমানবিক নির্যাতন ও দেশের জনগণের জানমালের নিরাপত্তা প্রদানে ব্যর্থতার দায়ভার স্বীকার করে অবিলম্বে পদত্যাগ এবং আগামী জাতীয় সংসদ নির্বাচন নির্দলীয় নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা করার দাবি জানিয়ে অস্ট্রেলিয়ান সরকারের শিক্ষা ও যুব মন্ত্রী পিটার গ্যারেটের নিকট একটি স্মারকলিপি প্রদান করা হয়।

৯০দশকের ছাত্রনেতা ড.নার্গিস আকতার বানু অস্ট্রেলিয়ান সরকারের শিক্ষা ও যুব মন্ত্রী পিটার গ্যারেটের নিকট জানান, গণতন্ত্রকে হত্যা করে বর্তমান সরকার একদলীয় শাসন কায়েম করেছে।

গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোকে ধ্বংস করার লক্ষ্যে রাজনীতিবিদদের গণ-গ্রেপ্তার করে নির্যাতন ও হত্যার ষড়যন্ত্রে তারা লিপ্ত রয়েছে। সরকারের ফ্যাসিবাদী আচরণ থেকে সরে আসার দাবি জানান।
৯০দশকের ছাত্রনেতা মো: লুৎফুল কবির জানান,বৈঠকে বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর রিজভী আহমেদ সহ ১৮ দলের ৩৩ নেতার গ্রেপ্তারকৃতদের মুক্তি এবং নিখোঁজ নেতা ইলিয়াস আলীকে ফেরত দানের বিষয়ে। নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা দেশের সর্বশেষ রাজনৈতিক পরিস্থিতি, আইনশৃঙ্খলা পরিস্থিতি, বিএনপি নেতাকর্মীদের ওপর নিপীড়ন-নির্যাতন, গ্যাস-বিদ্যুৎ ও পানি সমস্যা আলোচনায় স্থান পায়।